# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট

## রিপোর্টের সনঃ ২০১৭-২০১৮

## সশস্ত্র বাহিনী বিভাগ

(সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের
২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব সম্পর্কিত)

## প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর

# বার্ষিক অডিট রিপোর্ট

## রিপোর্টের সনঃ ২০১৭-২০১৮

# প্রথম খণ্ড

## সশস্ত্র বাহিনী বিভাগ

## অর্থ বছরঃ ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭

# প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | মুখবন্ধ | |
| ২ | Abbreviation & Glossary | |
| ৩ | **প্রথম অধ্যায়** | ০১ |
| | অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ | ০২ |
| | অডিট বিষয়ক তথ্য | ০৩ |
| | ম্যানেজমেন্ট ইস্যু | ০৪ |
| | অনিয়ম ও ক্ষতি সমূহের কারণ | |
| | অডিটের সুপারিশ | |
| ৪ | **দ্বিতীয় অধ্যায়** (নিরীক্ষা অনুচ্ছেদসমূহ) | ০৫-১৫ |
| ৫ | অনুচ্ছেদভিত্তিক পরিশিষ্ট | ১৬-২৩ |
| ৮ | মহাপরিচালকের স্বাক্ষর | ২৩ |

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের ওপর প্রতিরক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ০৮টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মূখ্য হিসাবদানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্ত লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক জারিকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ১৪/০৩/১৪২৭ বঙ্গাব্দ
২৮/০৬/২০২০ খ্রিষ্টাব্দ

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ

# Abbreviation & Glossary

এ রিপোর্টে ব্যবহৃত বিভিন্ন শব্দের সংক্ষেপ নিম্নে প্রদত্ত হ'লঃ

১) এ এফ ডি = আর্মড ফোর্সেস ডিভিশন

২) ডি জি ডি পি = ডাইরেক্টোরেট জেনারেল অব ডিফেন্স পারচেজ

৩) ডি জি এম এস= ডাইরেক্টোরেট জেনারেল অব মেডিক্যাল সার্ভিসেস

৪) ডি পি = ডিফেন্স পারচেজ

৫) এফ আর= ফাইন্যান্সিয়াল রেগুলেশনস

৬) এল সি = লেটার অব ক্রেডিট

৭) এসটিডি= স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্টস

৮) আরএফকিউ = রিকোয়েস্ট ফর কোটেশন

৯) পিকিউ = প্রাইস কোটেশন

১০) এফএটি = ফ্যাক্টরী এ্যাকসেপটেন্স টেষ্ট

১১) পিএসআই = প্রি শিপমেন্ট ইন্সপেকশন

১২) ডিআর = ডিসক্রিপ্যানসি রিপোর্ট

১৩) এফওবি = ফ্রি অন বোর্ড (মালামাল জাহাজে On Board করা পর্যন্ত খরচ ও ঝুঁকি বিক্রেতার উপর বর্তায় )

১৪) এসএসটি = স্পেশাল সার্ভিস টুলস্

১৫) এসএসএম =স্পেশাল সার্ভিস মেটারিয়ালস্

১৬) আইভিএন্ড ইই = ইন্সপেক্টরেট অফ ভেইকল এন্ড ইঞ্জিনিয়ারিং ইকুইপমেন্ট

১৭) এসওপি= স্টান্ডার্ড অপারেটিং প্রসিডিউর

# প্রথম অধ্যায়

## (নিরীক্ষা অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# নিরীক্ষা অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা | জড়িত টাকা (কথায়) | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| ১ | বৈদেশিক চুক্তির মাধ্যমে Maritime Petrol Aircraft (MPA) ক্রয়কালে বিধি বহির্ভূতভাবে Document Cost অন্তর্ভুক্ত করায় আর্থিক ক্ষতি। | ৬৭,৯৫,৫২১ | (সাতষট্টি লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত একুশ) | ০৬ |
| ২ | বৈদেশিক চুক্তির মাধ্যমে Corvette ক্রয়ের ক্ষেত্রে Principal Supplier কর্তৃক চুক্তিতে উল্লিখিত 0.2% Local Agency Commission দেশীয় মুদ্রায় পরিশোধ না করে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করায় ভ্যাট, এলসি কমিশন ও কালেকশন চার্জসহ সরকারের আর্থিক ক্ষতি। | ৬৬,৬০,৩৯৩ | (ছেষট্টি লক্ষ ষাট হাজার তিনশত তিরানব্বই) | ০৭ |
| ৩ | বৈদেশিক চুক্তি সংশোধনের সময় জরিমানাকৃত ৩,৪৫,৬৮২.৯৪ মা: ড: এর ওপর পরিশোধিত LC Opening Commission এবং উক্ত টাকার ওপর বিভিন্ন চার্জ আদায় না করায় ক্ষতি। | ১৮,০৮,৭৭০ | (আঠারো লক্ষ আট হাজার সাতশত সত্তর) | ০৮ |
| ৪ | দরপত্রের কারিগরি মূল্যায়ন কমিটি কর্তৃক Certificate of Approval এর Genuineness নিশ্চিত না হয়ে সর্বনিম্ন দরদাতার নিকট হতে মালামাল সরবরাহ গ্রহণ ব্যতিরেকে ২য় নিম্ন দরদাতার নিকট হতে মালামাল সরবরাহ নেয়ায় সরকারের আর্থিক ক্ষতি। | ৪৬,৩০,২৪৭ | (ছেচল্লিশ লক্ষ ত্রিশ হাজার দুইশত সাতচল্লিশ) | ০৯ |
| ৫ | সরবরাহকারী কর্তৃক বিলম্বে মালামাল সরবরাহ করায় চুক্তির শর্ত মোতাবেক বিলম্ব জরিমানা আদায়যোগ্য হলেও তা আদায় না করায় সরকারের ক্ষতি । | ৯,৯২,৬৪৫ | (নয় লক্ষ বিরানব্বই হাজার ছয়শত পঁয়তাল্লিশ) | ১০ |
| ৬ | বৈদেশিক 3 DOOR JEEP ক্রয় চুক্তির দাখিলকৃত কোটেশনের শর্ত মোতাবেক ১৫০টি গাড়িতে Manufacturer কর্তৃক White Colour Painting করে দেয়া সত্ত্বেও পুনরায় Navana Limited, Dhaka কে White Colour Painting Cost পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৯৭,৫০,০০০ | (সাতানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) | ১১-১২ |
| ৭ | চুক্তিকৃত মালামাল অপেক্ষা কম মালামাল সরবরাহ করা সত্ত্বেও সরবরাহকারীকে অতিরিক্ত পরিশোধ। | ৪২,৯৮,২৭৯ | (বিয়াল্লিশ লক্ষ আটানব্বই হাজার দুইশত ঊনআশি) | ১৩ |
| ৮ | সরবরাহকৃত আইটেমের চুক্তি মূল্য হতে বাতিলকৃত (Rejected) Item এর মূল্য বাদ না দিয়ে অতিরিক্ত বিল পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | ৫৭,৬৪,৯৭১ | (সাতান্ন লক্ষ চৌষট্টি হাজার নয়শত একাত্তর) | ১৪ |
| | মোট | ৪,০৭,০০,৮২৬ | ( চার কোটি সাত লক্ষ আটশত ছাব্বিশ ) | |

# অডিট বিষয়ক তথ্য

**নিরীক্ষা অর্থ বছরঃ** ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭

**নিরীক্ষিত প্রতিষ্ঠানঃ** সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, ঢাকা কার্যালয়।

**নিরীক্ষার প্রকৃতিঃ** নিয়মানুগ (Compliance) নিরীক্ষা ।

**নিরীক্ষার সময়কালঃ** জানুয়ারী/২০১৮ হতে মার্চ/২০১৮ খ্রিঃ পর্যন্ত বিভিন্ন সময়ে।

**নিরীক্ষা পদ্ধতিঃ** স্থানীয়ভাবে যাচাই ও বিশ্লেষণ।

**অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধানেঃ** মহাপরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর।

## ম্যানেজমেন্ট ইস্যুঃ

- দুর্বল অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার কারণে ক্রয় কাজ যথাযথভাবে সম্পন্ন করতে অনিয়ম, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন, আয়কর অধ্যাদেশ, সরকারি আদেশ, এফ আর পার্ট-১ ও ২, ট্রেজারী রুলস্, এবং ডিপি-৩৫ এর রুলস্ যথাযথভাবে অনুসরণ না করা।
- চুক্তি সম্পাদন, বিল পরিশোধ, অর্থ আদায়/কর্তন সংক্রান্ত দায়িত্ব যথাযথভাবে পালন না করা।
- চাহিদা ও চুক্তির ভিত্তিতে ক্রয়কার্য যথাযথভাবে প্রতিপালনের অভাব।

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণঃ

- অর্থ মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, সংস্থাপন মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড ও প্রতিরক্ষা মন্ত্রণালয়সহ সেনা, নৌ ও বিমান বাহিনী সদর দপ্তর কর্তৃক জারিকৃত বিভিন্ন আদেশ বা বিধি অনুসরণ না করা।
- চুক্তি সম্পাদনে অনিয়ম।
- যথাসময়ে বিলম্ব জরিমানা আরোপ ও আদায় না করা।
- সরকারি অর্থ যথাযথভাবে আদায়ে সতর্কতা অবলম্বন না করা।
- সরকারের রাজস্ব আদায়ে সতর্কতা অবলম্বন না করা।

## অডিটের সুপারিশঃ

- প্রতিবেদনে অন্তর্ভুক্ত সকল অনিয়মের আপত্তিকৃত টাকা আদায়।
- অডিট আপত্তির বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক যথাসময়ে উপর্যুক্ত কার্যক্রম গ্রহণ।
- সরকারি আইন কানুন, বিধি-বিধান, আদেশ-নির্দেশ ইত্যাদি যথাযথভাবে অনুসরণ করা আবশ্যক।

# দ্বিতীয় অধ্যায়

## (নিরীক্ষা অনুচ্ছেদসমূহ)

**অনুচ্ছেদ নং- ০১**

**শিরোনামঃ বৈদেশিক চুক্তির মাধ্যমে Maritime Petrol Aircraft (MPA) ক্রয়কালে বিধি বহির্ভূতভাবে Document Cost অন্তর্ভুক্ত করায় আর্থিক ক্ষতি ৬৭,৯৫,৫২১ (সাতষট্টি লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত একুশ) টাকা।**

**বিবরণঃ** সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৭-০১-২০১৮ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় নেভী উইং (শাখা–০১) এর ২০১৬-২০১৭ অর্থ বছরের চুক্তি পত্র নং- ২৪১.০২৬.১৬ তারিখ ২৭-০৩-২০১৭ এর টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, পরিশোধিত বিল/ভাউচার এবং অন্যান্য রেকর্ডপত্র যাচাইকালে দেখা যায় যে, ০২টি Maritime Petrol Aircraft (MPA) ক্রয়ের জন্য প্রিন্সিপাল সরবরাহকারী RUAG Aerospace Service GmbH, Germany (লোকাল এজেন্ট Fortune Enterprise Limited, Dhaka) এর সাথে একটি চুক্তি স্বাক্ষর করা হয়। Tender এর Terms and Conditions এর SL. No 13 (a) ও (b) তে supplier কর্তৃক Technical Manuals provide করা হবে মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া ডিফেন্স পার্চেজ-৩৫ (DP-35 Revised 1960) এর বিধি-২৫ এর শর্ত লঙ্ঘন করে চুক্তি সম্পাদন করা হয়েছে। উক্ত বিধি অনুযায়ী Publication, Catalogues, Brochure, Manual, Optional item Feature, Technical Documents, SST, SSM বিনামূল্যে প্রদানের পদক্ষেপ গ্রহণের জন্য এসএফসি (ডিপি) কর্তৃক প্রদত্ত পরামর্শ পত্রের ১১ নং শর্তেও উল্লেখ করা হয়েছে। কিন্তু Contract Price Details এর SL. No-06 এ বিধি বহির্ভূতভাবে Document Cost বাবদ ৭১,৩০০ ইউরো অন্তর্ভুক্ত করে এলসি খোলা হয়। ফলে **পরিশিষ্ট-০১** এর হিসাব মোতাবেক মোট **৬৭,৯৫,৫২১** টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণঃ** (১) DP-35 (Revised 1960) এর বিধি ২৫ এ উল্লেখ করা হয়েছে "All publications, catalogues and Technical Manuals will be supplied free of cost by the supplier at the request of the Purchaser. These will be in the English Language". এর শর্ত লঙ্ঘন করে চুক্তি সম্পাদন করায় অনিয়ম হয়েছে।

(২) এসএফসি (ডিপি) কর্তৃক প্রদত্ত পরামর্শ পত্রের ১১ নং শর্তে উল্লেখ করা হয়েছে "Publications, catalogue, Brochure, manual, Optional item Feature, Technical Documents, SST, SSM বিনামূল্যে প্রদানের পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো "। চুক্তি সম্পাদনের সময় পরামর্শ পত্রের উক্ত শর্ত আমলে নেয়া হয়নি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** আপত্তির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিপি ৩৫ এর অনুচ্ছেদ ২৫ অনুযায়ী সরবরাহকারীর FOB (Freight on board) Value এর অতিরিক্ত কোন খরচ ছাড়াই ক্রেতার অনুরোধের প্রেক্ষিতে ক্রয়তব্য যন্ত্র বা যন্ত্রাংশের সকল ম্যানুয়াল ও পাবলিকেশন প্রদান করার কথা। এখানে বিশেষভাবে উল্লেখ্য, MPA চালনার জন্য Air Operation এর প্রয়োজনীয় আবশ্যিক লগবুক ও বিশেষায়িত Publications Specialized items চালনা করার জন্য প্রয়োজন হয় (যেমনঃ MPA, Ships, Helicopter ইত্যাদি)। বর্তমানে আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানই এ ধরনের বিশেষ Manuals, Publications এবং Log books সমুহ বিনামূল্যে সরবরাহ করে না। ফলে পরবর্তীতে বর্ণিত Documentation ক্রয়ের জন্য পুনরায় চুক্তি করতে হতো। এমতাবস্থায়, বর্ণিত চুক্তিপত্রের আওতায় সরবরাহকৃত Manuals, Publications এবং Log books সমুহ Secret, Expensive ও Purpose oriented হওয়ায় তা একটি চুক্তির মাধ্যমে ক্রয়ের ফলে সরকারি অর্থের সাশ্রয় হয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাবে যে সমস্ত ডকুমেন্টস্ এর উল্লেখ করা হয়েছে সেগুলো সবই Technical Manuals ও ডকুমেন্টস্ এর অন্তর্ভুক্ত বিধায় DP-35 (Revised 1960) এর বিধি ২৫ এ সকল ধরনের Technical Manuals অনুরোধের প্রেক্ষিতে বিনামূল্যে সরবরাহের কথা বলা হয়েছে, যা এসএফসি (ডিপি) কর্তৃক প্রদত্ত পরামর্শ পত্রের ১১ নং শর্তেও উল্লেখ করা হয়েছে। কিন্তু এ সকল ডকুমেন্টস্ বিনামূল্যে প্রদানের জন্য ডিজিডিপি এর পক্ষ হতে কোন প্রকার অনুরোধ করা হয়নি। সুতরাং এ সমস্ত ডকুমেন্টের এর জন্য পৃথকভাবে মূল্য প্রদানের অবকাশ নেই।

সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রিঃ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত ৬৭,৯৫,৫২১ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করার অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং- ০২**

**শিরোনামঃ বৈদেশিক চুক্তির মাধ্যমে Corvette ক্রয়ের ক্ষেত্রে Principal Supplier কর্তৃক চুক্তিতে উল্লিখিত 0.2% Local Agency Commission দেশীয় মুদ্রায় পরিশোধ না করে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করায় ভ্যাট, এলসি কমিশন ও ক্যালেকশন চার্জসহ সরকারের আর্থিক ক্ষতি ৬৬,৬০,৩৯৩ (ছেষট্টি লক্ষ ষাট হাজার তিনশত তিরানব্বই) টাকা।**

**বিবরণঃ** সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৭-০১-২০১৮ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় নেভী উইং (শাখা–০১) এর ২০১৬-২০১৭ অর্থ বছরের চুক্তিপত্র নং ২৪১.১৯৩.১৫ তারিখ ২৯-০৯-২০১৫ এর টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, পরিশোধিত বিল/ভাউচার এবং অন্যান্য রেকর্ড পত্র যাচাই কালে দেখা যায় যে, ০২টি Corvette ক্রয়ের জন্য প্রিন্সিপাল সরবরাহকারী China Shipbuilding & Offshore International Co. Ltd. (CSOC), China. (লোকাল এজেন্টঃ Protik Trade International, Dhaka) এর সাথে উপরোক্ত বৈদেশিক চুক্তিটি স্বাক্ষর করা হয়। SOP (Standing Operating Procedure) এর ক্রমিক নং-১১২ তে উল্লেখ রয়েছে ''বৈদেশিক সরবরাহকারী (Principal Firm) তাদের স্থানীয় প্রতিনিধির জন্য যদি কোন Agency Commission তাদের অফারে উল্লেখ করে তবেই কেবল ঐ Agency Commission দেশীয় টাকায় প্রদান করা যাইবে।" অর্থাৎ Local Agent's Commission দেশীয় মুদ্রায় পরিশোধযোগ্য। এক্ষেত্রে Principal Supplier কর্তৃক চুক্তিতে উল্লিখিত ০.২% Local Agent's Commission বৈদেশিক মুদ্রায় পরিশোধ করায় উক্ত বিধির লঙ্ঘনসহ জাতীয় রাজস্ব বোর্ড সা:আ:নং -১৪/মুসক/২০১৭, তাং ১/০৭/২০১৭ এবং মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ এর বিধি ১৮এর ঙ মোতাবেক কমিশন, চার্জ,ফি এর উপর ১৫% হারে ভ্যাট, এলসি কমিশন ও কালেকশন চার্জসহ সরকারের বৈদেশিক মুদ্রার সমপরিমাণ ৬৬,৬০,৩৯৩ টাকা ক্ষতি হয়েছে। বিস্তারিত **পরিশিষ্টঃ ০২** এ দেখানো হলো।

**অনিয়মের কারণঃ** ১) ডিজিডিপি এর SOP এর ক্রমিক নং ১১২ অনুযায়ী "বৈদেশিক সরবরাহকারী তাদের স্থানীয় প্রতিনিধির জন্য যদি Agency Commission তাহাদের অফারে উল্লেখ করে তবে ঐ Agency Commission দেশীয় টাকায় প্রদান করতে হবে" যা অনুসরণ করা হয়নি।

২) Financial Offer Opening কমিটি কর্তৃক আর্থিক দরপত্র উম্মুক্ত করার সময় ০.২% হারে ৩,৯৬,৫২২.৪৯ মা:ড: এজেন্সী কমিশন উল্লেখ করে Financial Opening Sheet প্রদান করেছেন, যা অনুসরণ করা হয়নি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** জবাবে জানান যাচ্ছে যে, বর্ণিত চুক্তিপত্রের ক্ষেত্রে বৈদেশিক প্রিন্সিপাল সরবরাহকারী তাদের আর্থিক দর প্রস্তাবে ০.২% Local Agents Commission ঘোষনা করে যা ডিজিডিপির বিধি মোতাবেক সঠিক রয়েছে। বৈদেশিক প্রিন্সিপাল সরবরাহকারী, প্রস্তুতকারক, স্থানীয় প্রতিনিধি, নৌ সদর এবং ডিজিডিপির উপর্যুক্ত প্রতিনিধিদের উপস্থিতিতে Local Agents Commission বাবদ টাকা প্রদর্শন/উল্লেখ না করতঃ চুক্তি মূল্য নির্ধারণ করা হয়। উল্লেখ্য যে, Local Agents Commission ব্যতীত চুক্তি মূল্য নির্ধারণ করে সিনিয়র অর্থ নিয়ন্ত্রক (প্রতিরক্ষা ক্রয়) এর আর্থিক পরামর্শ এবং অত্র কার্যালয়ের ডিজি মহোদয়ের অনুমোদন এবং সশস্ত্র বাহিনী বিভাগের অনুমোদন সাপেক্ষে চুক্তিপত্রটি স্বাক্ষর করা হয়। এছাড়া ডিজিডিপির প্রচলিত বিধি মোতাবেক এজেন্সি কমিশন ব্যতীত চুক্তিপত্র স্বাক্ষরে কোন বাধা নাই। অতএব, Local Agents Commission বাবদ টাকা প্রদর্শন/উল্লেখ ব্যতিরেকে চুক্তিপত্র স্বাক্ষরে কোন ব্যত্যয় হয়নি এবং এতে সরকারের কোন আর্থিক ক্ষতি হয়নি।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়, কারণ বৈদেশিক প্রিন্সিপাল সরবরাহকারী তাদের আর্থিক দর প্রস্তাবে ০.২% Local Agents Commission ঘোষণা করে সর্বনিম্ন দরদাতা বিবেচিত হয়েছে এবং Financial Offer Opening কমিটি কর্তৃক স্বাক্ষরিত প্রতিবেদনে ০.২% এজেন্সী কমিশন উল্লেখ রয়েছে বিধায় এজেন্সি কমিশন ব্যতীত চুক্তিপত্র স্বাক্ষরের সুযোগ নেই। আলোচ্য ক্ষেত্রে ঘোষিত Agents Commission স্থানীয় মুদ্রায় পরিশোধ না করে বৈদেশিক মুদ্রায় ০.২% কমিশন পরিশোধ করায় সরকারের অপচয় ও বৈদেশিক মুদ্রার সমপরিমাণ ৬৬,৬০,৩৯৩ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রি: তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রি: তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রি: তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করার প্রমাণাদি অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং- ৩**

**শিরোনামঃ বৈদেশিক চুক্তি সংশোধনের সময় জরিমানাকৃত ৩,৪৫,৬৮২.৯৪ মাঃ ডঃ এর ওপর পরিশোধিত LC Opening Commission এবং উক্ত টাকার ওপর বিভিন্ন চার্জ আদায় না করায় ক্ষতি ১৮,০৮,৭৭০ (আঠারো লক্ষ আট হাজার সাতশত সত্তর) টাকা ।**

**বিবরণঃ** সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৭-০১-২০১৮ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় নেভী উইং (শাখা–০১) এর ২০১৬-২০১৭ অর্থ বছরের চুক্তিপত্র নং ২৪১.১৯৩.১৫ তারিখ ২৯-০৯-২০১৫ এর টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, পরিশোধিত বিল/ভাউচার এবং অন্যান্য রেকর্ড পত্র যাচাই কালে দেখা যায় যে, ০২টি Corvette ক্রয়ের জন্য প্রিন্সিপাল সরবরাহকারী China Shipbuilding & Offshore International Co. Ltd. (CSOC), China. (লোকাল এজেন্ট Protik Trade International, Dhaka) এর সাথে একটি বৈদেশিক চুক্তি স্বাক্ষর করা হয়। উক্ত চুক্তির Terms and Conditions Article 309(3) অনুযায়ী PSI হবে Factory Premises Manufacturing Country USA অথবা France কিন্তু FAT & PSI না করেই Power Generator সরবরাহ করায় DGDP কর্তৃক সরবরাহকারীর ওপর ৩,৪৫,৬৮২.৯৪ মাঃ ডঃ জরিমানা (Penalty) আরোপ করে চুক্তি সংশোধন করা হয়। কিন্তু চুক্তি সংশোধনের সময় জরিমানাকৃত অর্থের ওপর পরিশোধিত LC Opening Commission এবং উক্ত টাকার ওপর ১৫% ভ্যাট ও ০.১৫% Collection Charge আদায় করা হয়নি। ফলে **পরিশিষ্ট:"০৩"** এর হিসাব মোতাবেক মোট ১৮,০৮,৭৭০ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণঃ** চুক্তিপত্রের শর্ত নং ১০ এ উল্লেখ রয়েছে "Any amendment to the letter of credit including extension thereof, needed by the SUPPLIER/PURCHASER, the Charges thereof will be borne by the responsible party"। উক্ত শর্ত মোতাবেক সরবরাহকারীর ওপর জরিমানা আরোপের কারণে চুক্তি সংশোধন করা হয়েছে বিধায় চুক্তি সংশোধন জনিত যাবতীয় ব্যয় responsible party হিসেবে সরবরাহকারীর ওপর বর্তায়, যা অনুসরণ করা হয়নি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** আপত্তির জবাবে জানান যে, Electrical power generator and distribution এর জন্য মাত্র দুই টি আইটেম Prime mover এবং Alternator FAT & PSI না করেই সরবরাহ করা হয়। পুরো system টি FAT & PSI না করে সরবরাহ করা হয়নি। তথাপি চুক্তিপত্র সংশোধনের সময় পুরো system এর জন্য testable Items Value এর উপর আনুপাতিক হারে Calculation করে মূল্য কর্তন করা হয়। বর্ণিত System এর দুইটি আইটেম এর পরিবর্তে সম্পূর্ণ সিস্টেমস্ এর জন্য মূল্য কর্তন করা হয়েছে বিধায় বাস্তবিক পক্ষে কর্তনকৃত মূল্য প্রয়োজনীয় কর্তনযোগ্য মূল্যের তুলনায় বহুগুন বেশী বলে প্রতীয়মান। বর্ণিত আইটেমসমূহ চুক্তিপত্র হতে বাদ দেয়া হয়নি কিংবা চুক্তি মূল্য হ্রাস পায়নি। ফলে কর্তনকৃত মূল্যের LC Commission Collection Charge & Vat বাবদ অর্থ আদায় করার প্রয়োজন নাই।

**নিরীক্ষা মন্তব্যঃ** প্রকৃত পক্ষে পুরো সিস্টেমস্ এর জন্য Prime mover এবং Alternator অতি গুরুত্বপূর্ণ উপাদান। সে কারণে এ দুইটি আইটেম এর জন্য FAT ও PSI অতি আবশ্যক। অথচ সে দুইটি আইটেমই FAT ও PSI ব্যতীত সরবরাহ করা হয়েছে। সে কারণেই সরবরাহকারীকে জরিমানা করা হয়েছে। যেহেতু সরবরাহকারীর কারণে চুক্তি সংশোধন করতে হয়েছে এবং সে অনুযায়ী ৩,৪৫,৬৮২.৯৪ মাঃ ডঃ জরিমানা আরোপ করে চুক্তি সংশোধন করা হয়েছে, সেহেতু এল সি ওপেনিং কমিশন ও ভ্যাট পরিশোধ করতে হবে সংশোধিত চুক্তিমূল্য অনুসারে এবং এ সংক্রান্ত সকল খরচ সরবরাহকারীই বহন করবে। ফলে LC Commission, Collection Charge & Vat বাবদ অর্থ অতিরিক্ত পরিশোধ করা হয়েছে, যা আদায়যোগ্য।

জেনারেল ফিন্যানসিয়াল রুলস্ (জিএফআর) এর বিধি ১০ মোতাবেক সরকারি অর্থ কোন ব্যক্তিবিশেষ অথবা প্রতিষ্ঠানের সুবিধার জন্য ব্যবহৃত হওয়া সমীচীন নয়, আলোচ্য ক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি।

সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রিঃ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** অতিরিক্ত পরিশোধিত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমার প্রমাণক অডিট অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং- ০৪**

**শিরোনামঃ দরপত্রের কারিগরি মূল্যায়ন কমিটি কর্তৃক Certificate of Approval এর Genuineness নিশ্চিত না হয়ে সর্বনিম্ন দরদাতার নিকট হতে মালামাল সরবরাহ গ্রহণ ব্যতিরেকে ২য় নিম্ন দরদাতার নিকট হতে মালামাল সরবরাহ নেওয়ায় সরকারের আর্থিক ক্ষতি ৪৬,৩০,২৪৭ (ছেচল্লিশ লক্ষ ত্রিশ হাজার দুইশত সাতচল্লিশ) টাকা।**

**বিবরণঃ** সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৭-০১-২০১৮ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়। নিরীক্ষায় নৌ উইং এর বৈদেশিক চুক্তি পত্র নং ২৪৪.০১২.১৫ তারিখ: ২৩-০৬-২০১৬ এর চুক্তিপত্র, টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, এয়ারওয়ে বিল/ফ্রেইট এবং প্রাসংগিক অন্যান্য রেকর্ডপত্র যাচাই কালে দেখা যায় যে, ডিজিডিপি এর মাধ্যমে বানৌজা আবু বকর এর মেইন ইঞ্জিনের ৭৩ লাইন আইটেম খুচরা যন্ত্রাংশ বৈদেশিক মুদ্রায় ক্রয়ের নিমিত্ত দরপত্র আহবান করা হলে ৩টি দর প্রস্তাব পাওয়া যায়। দর প্রস্তাব গুলো কারিগরি মূল্যায়নের জন্য নৌ সদর দপ্তরে প্রেরণ করা হলে কারিগরি মূল্যায়ন কমিটি কর্তৃক মেসার্স করোতোয়া এন্টারপ্রাইজ এর প্রস্তাবিত দর ১৯,০০,৪৪১ টাকা সর্বনিম্ন হওয়া সত্ত্বেও " Not Acceptable due to in genuine Authorization Certificate " কারণ দেখিয়ে উক্ত দর প্রস্তাব বাতিল করে ২য় নিম্ন দরদাতা মেসার্স প্রতিক ট্রেড ইন্টারন্যাশনাল এর প্রস্তাবিত দর ৬৫,৩০,৬৮৮ টাকা গ্রহণপূর্বক চুক্তি সম্পাদনের সুপারিশ করা হয়। চুক্তি সম্পাদনের পূর্বে ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য সশস্ত্র বাহিনী বিভাগে প্রেরণ করা হলে উক্ত বিভাগ কর্তৃক ১ম সর্বনিম্ন দরদাতা ও ২য় সর্বনিম্ন দরদাতার দর প্রস্তাবের পার্থক্য (৬৫,৩০,৬৮৮ - ১৯,০০,৪৪১) বা ৪৬,৩০,২৪৭ টাকা যা ৩৪৩% বেশি হওয়ায় মেসার্স করোতোয়া এন্টারপ্রাইজের দাখিলকৃত Certificate of Approval এর Genuineness পুনরায় যাচাই করার জন্য ডিজিডিপিকে অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে ডিজিডিপি কর্তৃক পুনঃযাচাই করে সর্বনিম্ন দরদাতা মেসার্স করোতোয়া এন্টারপ্রাইজ এর বর্ণিত Certificate of Approval সঠিক বলে উল্লেখ করা হয়। এরপরও সর্বনিম্ন দরদাতা মেসার্স করতোয়া এন্টারপ্রাইজ এর নিকট হতে মালামাল সরবরাহ না নিয়ে ২য় নিম্ন দরদাতা মেসার্স প্রতিক ট্রেড ইন্টারন্যাশনাল এর সাথে চুক্তি সম্পাদন পূর্বক মালামাল সরবরাহ নেয়া হয়েছে। ফলে সরকারের ৪৬,৩০,২৪৭ টাকা ক্ষতি সাধিত হয়েছে।

**অনিয়মের কারণঃ (১)** এসওপি এর অধ্যায় ৩ ক্রয় প্রক্রিয়ার কার্যধারা ৪ (খ) এর ১২ অনুযায়ী কারিগরীভাবে গৃহিত সর্বনিন্ম দরদাতাকে Confirmation ও মূল্য হ্রাসের উদ্যোগ গ্রহণের নির্দেশনা রয়েছে। যা অনুসরণ করা হয়নি।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ** "Spare parts for main engine (Qty: 73 L/I) আইটেমসমূহ খুচরা যন্ত্রাংশ বৈদেশিক মুদ্রায় ক্রয়ের নিমিত্তে দরপত্র আহবান করা হলে ৩ টি দর প্রস্তাব পাওয়া যায়। দর প্রস্তাবগুলো পরীক্ষা/নিরীক্ষা ও কারিগরি গ্রহণযোগ্যতা প্রদানের জন্য নৌ সদর দপ্তরে প্রেরণ করা হলে করতোয়া এন্টারপ্রাইজ সর্বনিম্ন হওয়া সত্ত্বেও Not acceptable due to ingenuine authorization certificate বলে দর প্রস্তাব বাতিল করে এবং ২য় নিম্ন দরদাতা Protik Trade International কে গ্রহণযোগ্যতা প্রদান করে। পরবর্তীতে ক্রয় প্রস্তাব অনুমোদনের জন্য সশস্ত্র বাহিনী বিভাগে প্রেরণ করা হলে উক্ত বিভাগ কর্তৃক করতোয়া এন্টারপ্রাইজ এর দাখিলকৃত Certificate of approval এর Genuineness পুনঃযাচাইয়ের জন্য অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে পুনঃযাচাই করে বর্ণিত Certificate of approval সঠিক পাওয়া যায়। এমতাবস্থায়, সর্বনিম্ন দরদাতা করতোয়া এন্টারপ্রাইজ কে চুক্তি সম্পাদনের জন্য বলা হলে করতোয়া এন্টারপ্রাইজ চুক্তি সম্পাদনে অপরাগতা প্রকাশ করে। এতদবিষয়ে অপরাগতা প্রকাশের জন্য সরবরাহকারী বিস্তারিত ব্যাখ্যা প্রদান করে, যা এএফডি কর্তৃক গ্রহণযোগ্য বিবেচিত হয়। এতদপ্রেক্ষিতে, উক্ত ২য় নিম্ন দরদাতার বৈদেশিক প্রিন্সিপাল Poly Technologies Inc. এবং স্থানীয় প্রতিনিধি প্রতিক ট্রেড ইন্টারন্যাশনাল এর সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। অতএব, বিধি মোতাবেক এখানে কোন ধরনের অনিয়ম হয়নি"।

**নিরীক্ষা মন্তব্যঃ** জবাব স্বীকৃতিমূলক কারণ অডিটি প্রতিষ্ঠানের জবাবেই কারিগরি মূল্যায়ন কমিটি কর্তৃক দরদাতার Certificate of Approval যথাযথভাবে মূল্যায়ন না হওয়ার বিষয়টি উল্লেখ রয়েছে। সশস্ত্র বাহিনী বিভাগ কর্তৃক Certificate of Approval পুন:মূল্যায়নের প্রেক্ষিতে করতোয়া এন্টারপ্রাইজ এর Certificate এর Genuineness সঠিক পাওয়ার পরও উক্ত প্রতিষ্ঠানের নিকট হতে মালামাল সরবরাহ না নিয়ে ২য় নিম্ন দরদাতার নিকট হতে মালামাল সরবরাহ নেওয়ায় সরকারের ৪৬,৩০,২৪৭ টাকা ক্ষতি হয়েছে। যা ১ম দরদাতার চেয়ে ২য় দরদাতা কর্তৃক প্রদত্ত দর ৩৪৩% বেশি। জেনারেল ফিন্যানসিয়াল রুলস্ (জিএফআর) এর বিধি ১০ মোতাবেক সরকারি অর্থ কোন ব্যক্তিবিশেষ অথবা প্রতিষ্ঠানের সুবিধার জন্য ব্যবহৃত হওয়া সমীচীন নয়, আলোচ্য ক্ষেত্রে তা অনুসরণকরা হয়নি। এছাড়া যথাসময়ে পুঙ্খানুপুঙ্খভাবে ১ম দরদাতা কর্তৃক দাখিলকৃত Certificate of Approval যাচাই করে Genuineness সম্পর্কে নিশ্চিত হলে সরকারি অর্থের সাশ্রয় হতো।

অডিটি প্রতিষ্ঠানের জবাব অনুযায়ী ১ম সর্বনিম্ন দরদাতা করতোয়া এন্টারপ্রাইজ মালামাল সরবরাহে অপারগতা প্রকাশ করে থাকলে বিধি মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের দরপত্র জামানত বাতিল হওয়ার কথা। এক্ষেত্রে তা না করায় অপারগতা প্রকাশের বিষয়টি প্রতিষ্ঠিত হয়নি।

সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রিঃ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত ৪৬,৩০,২৪৭ টাকা আদায়ের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং-৫**

**শিরোনামঃ সরবরাহকারী কর্তৃক বিলম্বে মালামাল সরবরাহ করায় চুক্তির শর্ত মোতাবেক বিলম্ব জরিমানা আদায়যোগ্য হলেও তা আদায় না করায় সরকারের ক্ষতি ৯,৯২,৬৪৫ (নয় লক্ষ বিরানব্বই হাজার ছয়শত পঁয়তাল্লিশ) টাকা।**

**বিবরণঃ** সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৭-০১-২০১৮ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়। স্থানীয়ভাবে নিরীক্ষাকালে নেভী উইং এবং বিমান উইং এর বিভিন্ন শাখার চুক্তিপত্র, টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, এয়ারওয়ে বিল এবং অন্যান্য রেকর্ড পত্র যাচাইয়ে দেখা যায় যে,
**ক)** নেভী উইং, শাখা-৩ এর চুক্তি নং ২৪৮.০৪৬.১৫ তারিখ ২৬-০৬-২০১৬ এর সরবরাহকারী Bata Shoe Company (Bangladesh) Ltd, Dhaka এবং **(খ)** বিমান উইং এপি-৪ এর চুক্তি নং ২৭৫.০৩৭.১৫ তারিখ ১০-০৫-২০১৬ এর মূল সরবরাহকারী Airborne System FZE, UAE (স্থানীয় এজেন্ট Ayesha Airways ltd. Dhaka) চুক্তির শর্ত, Delivery Schedule এবং Shipment Date অনুযায়ী তাদের Delivery Schedule এবং Grace Period এর মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হওয়ায় চুক্তির শর্ত মোতাবেক বিলম্ব জরিমানা (Liquidated Damage) (মাসিক ২% হারে সর্বোচ্চ চুক্তি মূল্যের ১০%) আদায়যোগ্য হওয়া সত্ত্বেও আদায় করা হয়নি। এ বিষয়ে চুক্তির ১৭ নং শর্তে উল্লেখ রয়েছে "In case the supplier fails to complete shipment delivery within the date stipulated in this contract. The purchaser shall have the right to impose Liquidated Damage at the rate of 2% per months not exceed 10% the total contract value". সুতরাং বিলম্ব জরিমানা বাবদ **পরিশিষ্ট- "০৪"** এর হিসাব মোতাবেক (ক+খ)=(৬,৩৭,৪৪০+৩,৫৫,২০৫) সর্বমোট ৯,৯২,৬৪৫ টাকা আদায় না হওয়ায় সরকারের ক্ষতি সাধিত হয়েছে।

**অনিয়মের কারণঃ** DP-35 এর অনুচ্ছেদ ১৬ (এ) (iii) অনুযায়ী এবং Contract specification এর ক্রমিক ২১ এ উল্লিখিত Delivery Schedule ও চুক্তি পত্রের ১৭ নং শর্ত মোতাবেক সরবরাহকারী মালামাল সরবরাহের ব্যর্থতাজনিত কারণে ক্ষমতা প্রাপ্ত ক্রয় কর্মকর্তা সরবরাহ সময়সীমার অতিরিক্ত প্রত্যেক মালামাল বা তার অংশ বিশেষের জন্য অসরবরাহকৃত মালামালের মূল্যের মাসিক শতকরা ২% হারে কিন্তু ১% হারের কম নয়, পূরণীয় আর্থিক ক্ষতি নির্ধারণ করতে পারবেন কিন্তু এক্ষেত্রে তা অনুসরণ করা হয়নি ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** অডিটি প্রতিষ্ঠান কর্তৃক **(ক)** Bata Shoe Company (Bangladesh) Ltd, Dhaka এর জবাবে বলা হয়েছে যে, ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ফ্যাক্টরী ২৩ দিন বন্ধ ছিল বিধায় সরবরাহকারী এলডি আরোপ ব্যতীত বিল পরিশোধের জন্য আবেদন করেন। বিষয়টি পর্যালোচনায় দেখা যায় ১ম কিস্তির সময়সীমা ১২০ দিন ছিল যা ঈদ-উল-আযহার ছুটির সাথে সংশ্লিষ্ট নয়। কারণ সরবরাহের সময়সীমা ২৪ আগষ্ট ২০১৬ তারিখ যা ছিল ঈদের পূর্বে, বিধায় নৌ সদর কর্তৃক ১,৯৮৭ জোড়ার উপর এলডি আরোপ করার বিষয়টি অনুমোদিত হয়। অপর দিকে ২য় কিস্তির সময়সীমা ১৫০ দিন থাকার দরুণ সেই ক্ষেত্রে ০২ টি ঈদের কারণে ফ্যাক্টরী ২৩ দিন বন্ধ থাকে এবং ১০, ১১ ও ১২ সাইজের জুতা বাজারে সহজলভ্য নয় বিধায় আলাদাভাবে মোল্ড ও প্যাটার্ন তৈরিতে কিছুটা অতিরিক্ত সময় ব্যয় হয়। ফলে ২য় কিস্তির (১২,৮০০জোড়া) জন্য সরবরাহ তফসিল এলডি ব্যতীত ২৪ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত বৃদ্ধির বিষয়টি অনুমোদিত হয়। সার্বিক বিবেচনায় বলা যায়, ১ম কিস্তির মালামাল সরবরাহের ক্ষেত্রে সময়সীমা ১২০ দিন ছিল যা ঈদ-উল-আযহার ছুটির সাথে সংশ্লিষ্ট নয় বিধায় ৩% এলডি কর্তন করা হয়েছে। অপর প্রান্তে ২য় কিস্তির সময়সীমা ১৫০ দিন থাকার দরুন সেই ক্ষেত্রে ০২ টি ঈদের কারনে ফ্যাক্টরী ২৩ দিন বন্ধ থাকে এবং ১০, ১১ ও ১২ সাইজের জুতা বাজারে Available নয় বিধায় আলাদাভাবে তৈরিতে কিছুটা অতিরিক্ত সময় ব্যয় হয় বিধায় এলডি ব্যতীত ২য় কিস্তির বিল পরিশোধ করা হয়েছে।
(খ) Airborne System FZE, UAE স্থানীয় এজেন্ট Ayesha Airways ltd. Dhaka এর বিষয়ে অডিটি প্রতিষ্ঠান কর্তৃক কোন জবাব প্রদান করা হয়নি।

**নিরীক্ষা মন্তব্যঃ** (ক) এর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি। কারণ ১ম কিস্তির ১২,৮০০ জোড়া জুতা সরবরাহের সময়সীমা ১২০ দিনের স্থলে ঈদ-উল-ফিতর এবং ঈদ-উল-আযহার ছুটির ২৩ দিন বন্ধের বিষয়টি বিবেচনায় নিয়েই ৩০ দিন অতিরিক্ত সময় ধরে ২য় কিস্তির জুতা সরবরাহের সময়সীমা ১৫০ দিন নির্ধারণ করা হয়েছে। সুতরাং নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ সম্ভব ছিল। ফলে ২য় কিস্তির ১২,৮০০ জোড়া জুতা ডেলিভারী সিডিউল এর চেয়ে ২ মাস পরে সরবরাহ করলেও কোন এলডি আরোপ না করেই বিলমূল্য পরিশোধ করা বিধি সম্মত হয়নি।
**(খ)** এর ক্ষেত্রে চুক্তি মোতাবেক সরবরাহ তফসিল ০৯ই নভেম্বর ২০১৬ খ্রিঃ ছিল। এয়ারওয়ে বিল অনুযায়ী দেখা যায় মালামাল সরবরাহ করা হয়েছে ১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ। সুতরাং ০১ মাস ০৬ দিন বিলম্বের জন্য চুক্তি মোতাবেক বিলম্ব জরিমানা আদায়যোগ্য।

সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রিঃ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত ৯,৯২,৬৪৫ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করার অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদনং- ০৬**

**শিরোনামঃ বৈদেশিক 3 DOOR JEEP ক্রয় চুক্তির দাখিলকৃত কোটেশনের শর্ত মোতাবেক ১৫০টি গাড়িতে Manufacturer কর্তৃক White Colour Painting করে দেয়া সত্ত্বেও পুনরায় Navana Limited, Dhaka কে White Colour Painting Cost পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৯৭,৫০,০০০ ( সাতানব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।**

**বিবরণঃ** সশস্ত্র বাহিনী বিভাগের নিয়ন্ত্রণাধীন প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের হিসাব ১৭-০১-২০১৮ খ্রিঃ হতে ২৯-০৩-২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়। স্থানীয়ভাবে নিরীক্ষাকালে আর্মি-০১ উইং শাখা–পি-০১ এর টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, পরিশোধিত বিল ভাউচার এবং অন্যান্য রেকর্ডপত্র যাচাইয়ে দেখা যায় যে, চুক্তিপত্র নং ২১৪.১০০৭.১৫ তারিখ ২৯-০৬-২০১৬ খ্রিঃ এর মাধ্যমে মোট ২৩১টি 3 DOOR JEEP ক্রয়ের জন্য প্রিন্সিপাল সরবরাহকারী Toyota Corporation, Japan (লোকাল এজেন্টঃ Navana Limited, Dhaka) এর সাথে চুক্তি সম্পাদন করা হয়। উক্ত বৈদেশিক চুক্তির আওতায় ক্রয়কৃত গাড়ীগুলো সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত টেন্ডার এর Special terms and Condition এর SL. No-42 এ সরবরাহকারী Toyota Corporation, Japan উল্লেখ করেছে White Color from Manufacturer end and Duco Paint MB Green will be done locally by Navana Limited অর্থাৎ Toyota Corporation, Japan কর্তৃক গাড়ীগুলোর White Color সম্পন্ন করা হয়েছে। এছাড়া Local Agent Navana Limited কর্তৃক দাখিলকৃত Quotation এর ০৪ নং শর্তে (Colour Marking অনুচ্ছেদে) উল্লেখ আছে White (058) from manufacturer end. UN Writing Sticker will be provided locally.

ক্রয়কৃত ২৩১টি গাড়ীর মধ্যে ১৫০টি গাড়ী UN Mission এর জন্য ক্রয় করা হয়েছে। IV&EE (Inspectorate of Vehicle and Engineering Equipment) এর Inspection Report হতে দেখা যায় UN Mission এর জন্য ক্রয়কৃত ১৫০ টি গাড়ী White Color from Manufacturer End থাকায় উক্ত গাড়ী গুলোর Painting করার প্রয়োজন হয়নি। অন্যান্য গাড়ী গুলোকে Duco Paint MB Green, Navy blue, Light blue, Silver Metallic রং এর Painting করতে হয়েছে। সরবরাহকারী কর্তৃক White Color গাড়ী গুলো সরবরাহের পর স্থানীয়ভাবে Painting, Supply and Fixing of Local Components কাজ সম্পন্ন করার নিমিত্ত প্রতিটি গাড়ীর জন্য ১,২৫,০০০ টাকা করে Local Agent: Navana Limited, Dhaka কে প্রদানের বিষয় চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু UN Mission এর জন্য ক্রয়কৃত ১৫০ টি গাড়ী Manufacturer কর্তৃক White Color এ সরবরাহ করায়, উক্ত ১৫০টি গাড়ীর জন্য কোন Painting Cost Local Agent Navana Limited প্রাপ্য নয়। প্রতিটি গাড়ীর Painting, Supply and Fixing of Local Components এর মূল্য বাবদ চুক্তিতে উল্লিখিত ১,২৫,০০০ টাকার মধ্যে Painting Cost বাবদ কত টাকা এবং Supply and Fixing of Local Components এর মূল্য বাবদ কত টাকা ধরা হয়েছে তা উল্লেখ নেই। এ বিষয়ে কোন দাপ্তরিক প্রাক্কলনও পাওয়া যায়নি। তবে অনলাইন যাচাইয়ে AKIJ MOTORS এর Pricing Rate Chart হতে দেখা যায় যে, Large Jeep এর Painting Cost প্রতিটি ৬৫০০০ টাকা। ফলে UN Mission এর জন্য ক্রয়কৃত ১৫০ টি গাড়ির White Colour Painting manufacturer কর্তৃক সম্পন্ন করা সত্ত্বেও পুনরায় Painting মূল্য Local Agent Navana Limited কে পরিশোধ করায় সরকারের (৬৫,০০০ X ১৫০) বা ৯৭,৫০,০০০ টাকা ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণঃ** Manufacturer কর্তৃক White Colour সম্পাদন করা সত্ত্বেও পুনরায় ১৫০ টি গাড়িতে White Colour করানোর মূল্য Navana Limited কে পরিশোধ করায় টেন্ডার এর Special terms and Condition এর SL. No-42 লঙ্ঘন।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ "**বিষয়োক্ত পণ্য সংগ্রহের জন্য ২০১৫-২০১৬ অর্থ বৎসরে ৩ ডোর জীপ পরিমাণ-২৪০ ইউনিট এর চাহিদাপত্র পাওয়া যায়। সে অনুযায়ী দরপত্র আহবান করা হলে মেসার্স নাভানা লিঃ FOB Value, Freight Charge, Supply Fixing of Local Components and Painting charge সহ মূল্য উদ্ধৃতিসহ দরপ্রস্তাব প্রদান করে। এখানে উল্লেখ্য যে, ১৫০ ইউনিট ইউএন মিশনের White colour হলেও প্রতিটি পণ্যের উপর UN Writing লেখা হয়। এছাড়াও, স্থানীয়ভাবে সকল পণ্যের Fixing of Local Components এর কাজ করতে হয়েছে। সে মোতাবেক সরবরাহকারী দরপত্র অনুযায়ী পণ্যের উপর একত্রে মূল্য উদ্ধৃতি করেছে।

এমতাবস্থায়, চুক্তিপত্রের Annex-A এর ক্রমিক নং ১৮'তে Charge Including Painting Supply and Fixing of Local components per Unit Taka -125000 উল্লেখ পূর্বক চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ** প্রতিটি গাড়ীর Supply and Fixing of Local Components এর Painting Cost বাবদ চুক্তিকৃত ১,২৫,০০০ টাকার মধ্যে Painting Cost (অনলাইন যাচাইয়ে প্রাপ্ত দর ৬৫,০০০) টাকা অন্তর্ভুক্ত। সুতরাং সুস্পষ্ট ভাবেই প্রতীয়মান হয় যে UN Mission এর জন্য ক্রয়কৃত ১৫০ টি গাড়ির ক্ষেত্রে Toyota Corporation, Japan কর্তৃক White Color সম্পাদন

করা হলেও পুনরায় স্থানীয়ভাবে White Colour Painting করার প্রয়োজন না থাকা সত্ত্বেও Painting Cost বাবদ Navana Limited কে (৬৫,০০০ × ১৫০)= ৯৭,৫০,০০০ টাকা অতিরিক্ত পরিশোধ করা হয়েছে।

সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রিঃ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত ৯৭,৫০,০০০ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করার অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং-০৭**

**শিরোনামঃ চুক্তিকৃত মালামাল অপেক্ষা কম মালামাল সরবরাহ করা সত্ত্বেও সরবরাহকারীকে ৪২,৯৮,২৭৯ (বিয়াল্লিশ লক্ষ আটানব্বই হাজার দুইশত উনআশি) টাকা অতিরিক্ত পরিশোধ।**

**বিবরণঃ** ডিজিডিপি, ঢাকার ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ সালের হিসাব ১৭/০১/২০১৮ হতে ২৯/০৩/২০১৮ পর্যন্ত সময়ে স্থানীয়ভাবে নিরীক্ষা করা হয়। নিরীক্ষাকালে নৌ উইং এর বিভিন্ন শাখার চুক্তিপত্র, টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি, এয়ারওয়ে বিল/ফ্রেইট এবং প্রাসঙ্গিক অন্যান্য রেকর্ডপত্র যাচাই করা হয়।

চুক্তি নং ২৪৫.১৪৭.১৫ এবং ২৪৫.১৪৭.১৫.০১ তারিখঃ ২৬-০৬-২০১৬ মোতাবেক Safe-pro USA LLC, USA এবং American Protection Works, Inc, USA যথাক্রমে ৮ ও ৩ লাইন আইটেম মালামাল সরবরাহ করে। এ বিষয়ে ডিজিডিপি এর ১০/০১/২০১৮ তারিখের ৭০ ও ৭১ নং পত্র হতে জানা যায় যে, বিগত ৪ - ৫ ডিসেম্বর ২০১৭ তারিখে সরবরাহকারীর প্রতিনিধির উপস্থিতিতে প্রধান পরিদর্শক নেভাল ষ্টোর ডিপো তে সরবরাহকৃত মালামালের যৌথ পরিদর্শন সম্পন্ন করা হয় । পরিদর্শনকালে পরিলক্ষিত হয় যে, কয়েকটি আইটেম ও ডকুমেন্টস্ চুক্তিপত্রের বিভিন্ন অনুচ্ছেদ এর শর্ত মোতাবেক সরবরাহ করা হয়নি। ফলে অসরবরাহকৃত/ঘাটতি মালামালের মূল্য বাবদ (২০,৫৩,২১৭+ ২২,৪৫,০৬২)=৪২,৯৮,২৭৯.০০ টাকা সরবরাহকারীর নিকট হতে আদায়যোগ্য (পরিশিষ্ট "৫")।

**অনিয়মের কারণ :** চুক্তিপত্রের এনেক্স "বি" এর প্যারা-৮ (আইটেম সমুহের বিস্তারিত বিবরণ) অনুযায়ী সম্পূর্ণ মালামাল সরবরাহ করা হয়নি।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** শিরোনামে উল্লেখিত চুক্তিপত্রটি বৈদেশিক প্রিন্সিপাল Safe-pro USA LLC, USA (স্থানীয় প্রতিনিধি Saadat Enterprise) এবং বৈদেশিক প্রিন্সিপাল American Protection Works, Inc, USA (স্থানীয় প্রতিনিধি Business Service Corporation) এদের সাথে গত ২৬ জুন ২০১৬ চুক্তিটি স্বাক্ষরিত হয়। চুক্তিপত্রদ্বয় অনুযায়ী উভয় সরবরাহের সময়সীমা ছিল ২৬ মার্চ ২০১৭। চুক্তিপত্র মোতাবেক ১৯-২০ মার্চ ২০১৭ পিএসআই সম্পন্ন সঠিক প্রদান করা হয় এবং নৌসদর কর্তৃক Shipping Clearance প্রাপ্তি সাপেক্ষে মালামাল জাহাজীকরণ করা হয়। আইটেমসমূহের যৌথ পরিদর্শন গত ০৪-০৫ ডিসেম্বর ২০১৭ উভয় সরবরাহকারীর প্রতিনিধির উপস্থিতিতে প্রধান পরিদর্শক নেভাল স্টোরের কার্যালয়ে সম্পন্ন হয়। পরিদর্শনকালে বেশকিছু আইটেম ও নথিপত্রাদি চুক্তিপত্রের বিভিন্ন অনুচ্ছেদ মোতাবেক যথাযথ ভাবে সরবরাহ করা হয়নি বলে জানা যায়। উল্লেখ্য যে, জাহাজীকরণের দস্তাবেজে উপস্থাপিত Invoice হতে এই সকল ক্ষুদ্রাতি ক্ষুদ্র ঘাটতি নিরুপণ করা সম্ভব হয়নি বিধায় ৮০% বিলমূল্য প্রদান করা হয়। এমতাবস্থায়, উল্লেখিত ত্রুটি বিচ্যুতি নিরসন করতঃ আইটেম ও নথিপত্রাদি সমূহ জরুরি ভিত্তিতে সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উভয় সরবরাহকারীকে পত্র প্রেরণ করা হয়। সরবরাহকারীদের নিকট থেকে কোন জবাব পাওয়া যায়নি। উল্লেখ্য যে, সরবরাহকারী কর্তৃক মালামাল সরবরাহ না করা হলে অবশিষ্ট ২০% বিলমূল্য এবং পিজি হতে অসরবরাহকৃত আইটেমের মূল্য বাবদ টাকা কর্তন করার সুযোগ রয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ** অডিটি প্রতিষ্ঠানের জবাব স্বীকৃতিমূলক। কারণ সরবরাহকারী কর্তৃক মালামাল সরবরাহ না করা হলে অবশিষ্ট ২০% বিল মূল্য এবং পিজি হতে অসরবরাহকৃত আইটেমের মূল্য বাবদ টাকা কর্তন করার সুযোগ রয়েছে বলে উল্লেখ করেছেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সরবরাহকারীকে পত্র প্রেরণ করা হয়েছে। তবে সরবরাহের শর্ত ভঙ্গ করায় অসরবরাহকৃত মালামালের মূল্যসহ তাদের বিরুদ্ধে জরিমানা আরোপ করা আবশ্যক।

সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রিঃ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** আপত্তিকৃত অর্থ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করে প্রমাণক নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**অনুচ্ছেদ নং-০৮**

**শিরোনামঃ সরবরাহকৃত আইটেমের চুক্তি মূল্য হতে বাতিলকৃত (Rejected) Item এর মূল্য বাদ না দিয়ে অতিরিক্ত বিল পরিশোধ করায় ৫৭,৬৪,৯৭১ (সাতান্ন লক্ষ চৌষট্টি হাজার নয়শত একাত্তর) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ** প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও ঢাকা কার্যালয়ের ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ আর্থিক সালের হিসাব ১৭.০১.২০১৮ খ্রিঃ হতে ২৯.০৩.২০১৮ খ্রিঃ পর্যন্ত সময়ে নিরীক্ষা করা হয়।

২০১৫-২০১৬ সালের হিসাব নিরীক্ষাকালে এপি-২ শাখার চুক্তিপত্র নং ২৭৫.০৩৭.১৫ তারিখঃ ১০/০৫/২০১৬ খ্রিঃ, টেন্ডার স্পেসিফিকেশন, আর্থিক অফার, এলসি এবং অন্যান্য রেকর্ডপত্র যাচাই করা হয়। ০৬ লাইন আইটেম ক্রয় চুক্তিটির প্রিন্সিপাল সরবরাহকারী Airborne System FZE, UAE, যার লোকাল এজেন্ট Ayesha Airways Ltd. Dhaka। চুক্তির শর্তানুযায়ী সরবরাহকারী ০৬ লাইন আইটেম এর মধ্যে ০৪ লাইন ০৫টি আইটেম (মূল্য US$১১১৭৭০.০০) সরবরাহ করার পর এজেন্সী কমিশন .৩৭৫% বা US$৪১৯.১৪ বাদ দিয়ে US$১১১৩৫০.৮৬ এর ৮০% বিল বাবদ US$ ৮৯০৮০.৬৯ পরিশোধ করা হয় (সংযুক্ত বাংলাদেশ ব্যাংক পত্র)। পরবর্তীতে সরবরাহকৃত ১টি আইটেম গ্রহণযোগ্য না হওয়ায় উক্ত ০১ লাইন আইটেম (মূল্য US$৭১৯০০.০০) বাতিল করা হয়। কিন্তু বাতিলকৃত আইটেম এর মূল্য US$৭১৯০০.০০ কর্তন করা হয়নি। ফলে বাতিলকৃত আইটেম এর মূল্য এবং এলসি কমিশন চার্জ ও ভ্যাটসহ ৫৭,৬৪,৯৭১ টাকা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। (পরিশিষ্ট "৬")

**অনিয়মের কারণঃ** সরবরাহকৃত বাতিল (Rejected) আইটেমের মূল্য কর্তন না করায় এবং বাদ দেওয়া আইটেম মূল্যের এলসি কমিশন চার্জ ও বীমা চার্জ আদায় না করা।

**অডিটি প্রতিষ্ঠানের জবাবঃ** অত্র চুক্তির অনুকূলে সরবরাহকারী সংস্থা চুক্তিকৃত ৬ লাইন দ্রব্যের মধ্যে ৪ লাইন দ্রব্য সরবরাহ করেছে যার অনুকূলে ব্যাংকিং চ্যানেলে জাহাজীকরণ দস্তাবেজ গৃহীত হয়। এমতাবস্থায়, চুক্তির শর্ত নং 9 (a & c) মোতাবেক সরবরাহকৃত ৪ লাইন দ্রব্যের (দ্রব্য ক্রমিক নং ১, ২, ৪ ও ৫) নিট এফসিএ মূল্য ইউএসডি ১,১১৩৫০.৮৬ (চুক্তিকৃত এফসিএ মূল্য ১,১১,৭৭০.০০ Agency Commission বাবদ (১১১৭০০ ×০.৩৭৫%)= ৪১৯.১৪ এর ৮০% মূল্য বাবদ ইউএসডি ৮৯,০৮০.৬৯ পরিশোধ করা হয়। পরবর্তীতে ১ লাইন দ্রব্যের (দ্রব্য ক্রমিক নং ৫) অনুকূলে DR (Discrepancy Report) উত্থাপিত হয় এবং সরবরাহকারীকে DR meet করার জন্য বলা হয়েছে। DR কৃত দ্রব্যের DR meet করার পর সরবরাহকারীকে অবশিষ্ট মূল্য পরিশোধ করা হবে। সরবরাহকারী কর্তৃক DR কৃত দ্রব্যের DR meet করতে ব্যর্থ হলে DR কৃত দ্রব্যের অনুকূলে পরিশোধিত অর্থ ইউএসডি ৫৭,৩০৪.৩০ সরবরাহকারীর নিকট হতে আদায় করতঃ চুক্তিটি নিষ্পত্তি করা হবে। উল্লেখ্য যে, ডিজিডিপি'র চুক্তির অনুকূলে দ্রব্যাদি সরবরাহের জাহাজীকরণ দস্তাবেজ প্রাপ্তি সাপেক্ষে ৮০% মূল্য পরিশোধের শর্ত থাকে। সেই মোতাবেকই সরবরাহকারীকে অর্থ পরিশোধ করা হয়েছে। দ্রব্যাদি অগ্রহণযোগ্য হলে DR উত্থাপন করা হয় এবং DR meet করতে ব্যর্থ হলে সরবরাহকারীর নিকট হতে পরিশোধিত অর্থ আদায়যোগ্য। উপর্যুক্ত তথ্যাবলি থেকে প্রতীয়মান হয় যে, অত্র চুক্তির অনুকূলে সরকারের কোন আর্থিক ক্ষতি হবে না। অতএব, চুক্তির অনুকূলে উত্থাপিত আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ** অডিটি প্রতিষ্ঠানের জবাব স্বীকৃতি মূলক হলেও সরবরাহকৃত আইটেমের মূল্য হতে Rejected Item মূল্য বাদ না দিয়ে সমুদয় বিল পরিশোধ করায় উক্ত আইটেমের মূল্য বাবদ ৫৭,৬৪,৯৭১ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। যা আদায় করা আবশ্যক।
সরকারি ক্ষতির বিষয়ে উল্লেখ করে ০৪/০৭/২০১৮খ্রিঃ তারিখে সশস্ত্র বাহিনী বিভাগ বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয়। জবাব না পাওয়ায় পরবর্তী সময় ২৭/০৮/২০১৮খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ২২/০৯/২০১৮খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হয়। সর্বশেষ ২৩/০১/২০২০ তারিখে ডিএডি/রিপোর্ট/পাণ্ডুলিপি/২০১৭-২০১৮/১৫৪ স্মারকের মাধ্যমে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ** সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে বাতিলকৃত পণ্যের মূল্য আদায় করে প্রমাণকসহ নিরীক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট

## রিপোর্টের সনঃ ২০১৭-২০১৮

# দ্বিতীয় খণ্ড

(পরিশিষ্টসমূহ)

# সশস্ত্র বাহিনী বিভাগ

## অর্থ বছর ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭

# প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

**পরিশিষ্ট-০১**
**অনুচ্ছেদ নং- ০১**
**অগ্রিম অনুচ্ছেদ নং-২৫১০৭**

**প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও, ঢাকা।**

**অর্থবছর: ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭**

চুক্তি পত্র নং- ২৪১.০২৬.১৬ তারিখ ২৭-০৩-২০১৭, ঠিকাদারঃ প্রিন্সিপাল সরবরাহকারী RUAG Aerospace Service GmbH, Germany.
লোকাল এজেন্টঃ Fortune Enterprise Limited, Dhaka.

| **ক্রমিক** | **বিবরণ** | **টাকা** |
|---|---|---|
| ১ | Documents বাবদ পরিশোধিত ৭১৩০০ ইউরো এর সমপরিমাণ দেশীয় মুদ্রা [1 Euro = 91.3883Tk(according to paid bill)] | ৬৫,১৫,৯৮৬ |
| ২ | 0.40% LC opening commission charge in BDT for 9 Qtr (৬৫,১৫,৯৮৬×০.৪০%×৯ কোয়াটার) | ২,৩৪,৫৭৫ |
| ৩ | 15% VAT on commission (২,৩৪,৫৭৫×১৫%) | ৩৫,১৮৬ |
| ৪ | 0.15% collection charge (৬৫,১৫,৯৮৬×০.১৫%) | ৯,৭৭৪ |
| | **মোট ক্ষতি =** | **৬৭,৯৫,৫২১** |

**পরিশিষ্ট-০২**
**অনুচ্ছেদ নং- ০২**
**অগ্রিম অনুচ্ছেদ নং-২৫১১০**

**প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও, ঢাকা।**

**অর্থবছর: ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭**

**Local Agent's Commission বৈদেশিক মুদ্রায় পরিশোধ সংক্রান্ত আর্থিক ক্ষতির বিবরণ।**

| | | |
|---|---|---|
| চুক্তি পত্র নং ২৪১.১৯৩.১৫ তারিখ ২৯-০৯-২০১৫, ঠিকাদারঃ প্রিন্সিপাল সরবরাহকারী China Shipbuilding & Offshore International Co. Ltd. (CSOC), China.<br>লোকাল এজেন্টঃ Protik Trade International, Dhaka) | | |
| **ক্রমিক** | **বিবরণ** | **টাকা** |
| Local Agent's Commission (0.2% on FOB price) ৩৯৬৫২২.৪০ মাঃ ডলার {1 USD =77.80Tk (according to paid bill)}এর সমপরিমাণ দেশীয় মুদ্রা ৩,০৮,৪৯,৪৪২ টাকা। | | |
| ১ | 15% VAT on Local Agent's Commission (৩,০৮,৪৯,৪৪২×১৫%) | ৪৬,২৭,৪১৬ |
| ২ | 0.40% LC opening commission charge in BDT for 14 Qtr (৩,০৮,৪৯,৪৪২×.৪০%×১৪ কোয়াটার) | ১৭,২৭,৫৬৮ |
| ৩ | 15% VAT on LC opening commission charge (১৭,২৭,৫৬৮×১৫%) | ২,৫৯,১৩৫ |
| ৪ | 0.15% collection charge (৩,০৮,৪৯,৪৪২×.১৫%) | ৪৬,২৭৪ |
| | মোট ক্ষতি = | **৬৬,৬০,৩৯৩** |

**পরিশিষ্ট- ০৩**
**অনুচ্ছেদ নং- ০৩**
**এপি নং-২৫১১২**
**প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও, ঢাকা।**

**অর্থবছর: ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭**

**জরিমানাকৃত অর্থের ওপর পরিশোধিত LC Openning Commission এবং LC Openning Commission এর ভ্যাট ও কালেকশন চার্জ আদায় না করা সংক্রান্ত ক্ষতির বিবরণ।**

| | | |
|---|---|---|
| চুক্তি পত্র নং ২৪১.১৯৩.১৫ তারিখ ২৯-০৯-২০১৫, ঠিকাদারঃ প্রিন্সিপাল সরবরাহকারী China Shipbuilding & Offshore International Co. Ltd. (CSOC), China.<br>লোকাল এজেন্টঃ Protik Trade International, Dhaka) | | |
| **ক্রমিক** | **বিবরণ** | **টাকা** |
| আর্থিক জরিমানা ৩৪৫৬৮২.৯৪ মাঃ ডলার ( 1 USD =79.40Tk (according to1st paid bill)<br>এর সমপরিমাণ দেশীয় মুদ্রাঃ ২,৭৪,৪৭,২২৫ টাকা। | | |
| ১ | 0.40% LC opening commission charge in BDT for 14 Qtr (২,৭৪,৪৭,২২৫ এর ০.৪০%=১০৯৭৮৮.৯০×14Qtr) | ১৫৩৭০৪৪ |
| ২ | 15% VAT on commission (১৫,৩৭,০৪৪ এর ১৫%) | ২৩০৫৫৬ |
| ৩ | 0.15% collection charge (২,৭৪,৪৭,২২৫ এর ০.১৫%) | ৪১১৭০ |
| | **মোট ক্ষতি =** | **১৮,০৮,৭৭০** |

**পরিশিষ্ট:- ০৪**
**অনুচ্ছেদ নং-০৫**
**অগ্রিম অনুচ্ছেদ নং-২৫১১৭**
**প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর (ডিজিডিপি), তেজগাঁও, ঢাকা।**
**অর্থবছর: ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭**
**বিলম্ব জরিমানা আদায় না করা জনিত ক্ষতির বিবরণ:**

| |
|---|
| **(ক) Navy Wing / Sec-০৩** |
| Contract No: 248.046.15 Date 26.06.2016 |
| Name of work: Shoe Black Leather Sailor's (QTY:25,600 Pairs) |
| Principal: Bata shoe company (Bangladesh) Ltd, Dhaka. |
| Local Agent: Bata Shoe Company (Bangladesh) Ltd, Dhaka. |
| |
| Duration of Late& LD (%): ০২ মাস বিধায় চুক্তির শর্ত মোতাবেক ৪% হারে এলডি আদায়যোগ্য |
| |
| সরবরাহের নির্ধারিত তারিখঃ ১ম কিস্তির ১২,৮০০ জোড়া জুতা ২৪.০৮.২০১৬ |
| ২য় কিস্তির ১২,৮০০ জোড়া জুতা ২৩.০৯.২০১৬ |
| সরবরাহের প্রকৃত তারিখঃ ১ম কিস্তির ১০৮১৩ জোড়া জুতা ২৮.০৮.২০১৬ ও অবশিষ্ট ১৯৮৭ জোড়া জুতা ২৪.১১.২০১৬ তারিখে; |
| এবং |
| ২য় কিস্তির ১২,৮০০ জোড়া জুতা ২৪.১১.২০১৬ তারিখে |
| ০২ মাস বিলম্বের জন্য আরোপযোগ্য LD (%) (২%+ ২%)= ৪% (শুধু ২য় কিস্তির ১২,৮০০ জোড়া জুতার জন্য) |
| বিলম্বে সরবরাহকৃত Item এর চুক্তি মূল্যঃ (টাকা ১২৪৫ (প্রতি জোড়া) ×১২৮০০)= ১,৫৯,৩৬,০০০ টাকা |
| সুতরাং বিলম্ব জরিমানাঃ (১,৫৯,৩৬,০০০ × ৪% )= ৬,৩৭,৪৪০ টাকা। |

| |
|---|
| **(খ) Air Wing / AP-4** |
| Contract No: 275.037.15. dt 10/05/2016 |
| Principal: Airborne SystemFZE, UAE |
| Local Agent: Ayesha Airways ltd. Dhaka. |
| সরবরাহের নির্ধারিত তারিখঃ ০৯.১১.২০১৬ |
| Shipment তারিখঃ ( Air way bills wise) – ১৫.১২.২০১৬ |
| বিলম্ব ও আরোপযোগ্য LD (%)- ০১ মাস ০৬ দিন; ৪% (প্রতি মাস এবং তার অংশ বিশেষের জন্য ২% হারে) |
| বিলম্বে সরবরাহকৃত Item এর চুক্তি মূল্যঃ USD ১,১১,৭৭০ = ৮৮,৮০,১২৬ টাকা। [(USD 1= Tk. 79.45)] |
| সুতরাং বিলম্ব জরিমানাঃ (৮৮৮০১২৬ X ৪% )= ৩,৫৫,২০৫ টাকা। |
| মোট বিলম্ব জরিমানা (৬,৩৭,৪৪০ + ৩,৫৫,২০৫) = ৯,৯২,৬৪৫ টাকা। |

**পরিশিষ্ট-০৫**

**অনুচ্ছেদ নং- ০৭**

**(০১) চুক্তি নং-২৪৫.১৪৭.১৫ তারিখ ২৬-০৬-২০১৬ (৮লাইন আইটেম) অনুযায়ী কম সরবরাহকৃত মালামালের মূল্যঃ-**

| ক্রঃ নং | মালামালের নাম | পরিমাণ | একক মূল্য (US$) | মোট মূল্য (US$) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 1 | Search Light for Helmet | ০১ টি | ১৩,৩৪৭ | ১৩,৩৪৭ | চুক্তি পত্রের আইটেম নং 8a(2)(a) (iii), 8a (3) (a)1, 8a (3)(a)15, 8a(3)(a) 15, এর শর্ত অনুযায়ী মালামালগুলো গ্রহণযোগ্য হয়নি। |
| 2 | Universal patch cord For jacket with attached Coller | ০৪ টি | | | |
| 3 | carring bags(s) for bomb Suit | ০১ টি | | | |
| 4 | carring bags(s) for cooling Suit | ০৪ টি | | | |
| 5 | Nylon holding net of Bomb Busket | ০৪ টি | ১,৩১৪ | ৫,২৫৬ | 8d(2)(b) ,এর শর্ত অনুযায়ী মালামাল গুলো গ্রহণযোগ্য হয়নি। |
| 6 | Non Magnetic EOD Tool kit | ২ সেট | ২,৫৪৮ | ৫,০৯৬ | 8e,এর শর্ত অনুযায়ী মালামাল গুলো গ্রহণযোগ্য হয়নি। |
| 7 | Power Cartridge | ৮০ আরডিএস | ৪৯ | ১,৯৬০ | 8f(4) ,এর শর্ত অনুযায়ী মালামাল গুলো গ্রহণযোগ্য হয়নি। |
| 8 | Non Magnetic shovel | ০২ সেট | ২৬৫ | ৫৩০ | 8h,এর শর্ত অনুযায়ী মালামাল গুলো গ্রহণযোগ্য হয়নি। |
| | | | মোট = | ২৬,১৮৯ | |

১ US$ ৭৮.৪০ টাকা হিসাবে US$ ২৬,১৮৯ = ২০,৫৩,২১৭.০০ টাকা

(০২) চুক্তি নং ২৪৫.১৪৭.১৫.০১ তারিখঃ ২৬-০৬-২০১৬ (০৩ লাইন আইটেম) অনুযায়ী কম সরবরাহকৃত মালামালের মূল্য :-

| ক্রঃনং | মালামালের নাম | পরিমাণ | একক মূল্য (US$) | মোট মূল্য (US$) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| 1 | Cartidge for EOD De-armerand Disrupter Kit. | ৩০০ আরডিএস | ৭৮ | ২৩,৪০০ | 8b(6) ,এর শর্ত অনুযায়ী মালামাল গুলো গ্রহণযোগ্য হয়নি। |
| 2 | Reels for Hook &line kit | ০২ রিল | ৫,২৩৬ | ৫,২৩৬ | চুক্তি পত্রের আইটেম নং- 8c(2) (a), 8c(2)(e) ,8c(2)(s),8d(2)(am) এর শর্ত অনুযায়ী মালামাল গুলো গ্রহণযোগ্য হয়নি। |
| 3 | Hooks for hook & line kit | ০৪ রিল | | | |
| 4 | Self Tap screw Eyes for Hooks & Line kit | ০৫ রিল | | | |
| 5 | Door Stops | ০৬ রিল | | | |
| | | | মোট = | ২৮,৬৩৬ | |

[ ১ মাঃ ডঃ ৭৮.৪০ টাকা হিসাবে মাঃ ডঃ ২৮৬৩৬ = ২২,৪৫,০৬২.০০ টাকা।
সুতরাং সর্বমোট আদায়যোগ্যঃ (২০৫৩২১৭ +২২৪৫০৬২) = ৪২,৯৮,২৭৯.০০ টাকা। ]

পরিশিষ্ট-০৬
অনুচ্ছেদ নং-০৮
অগ্রিম অনুচ্ছেদ নং-২৫১১৪

| ক্র. নং | চুক্তি নং ও তারিখ | মূল প্রতিনিধি | স্থানীয় প্রতিনিধি (লোকাল এজেন্ট) | বিবরণ | মূল্য (মাঃ ডঃ) |
|---|---|---|---|---|---|
| ১ | ২৭৫.০৩৭.১৫<br>১০/০৫/২০১৬ | Principal: Airborne System FZE, UAE | Local Agent: Ayesha Airways Ltd. Dhaka | ৫ নং আইটেম (যা বাতিলকৃত) দ্রব্যের মূল্য = | ৭১,৯০০.০০ |
| | | | | এলসি কমিশন চার্জ (৭১৯০০×.৪০%×২কোয়াটার=<br>ভ্যাট=৫৭৫×১৫% | ৫৭৫.০০<br>৮৬.০০ |
| | | | | মোট= | ৭২,৫৬১.০০ |

১ মাঃ ডঃ = ৭৯.৪৫ টাকা হারে ৭২,৫৬১.০০ মাঃ ডঃ ×৭৯.৪৫ টাকা = ৫৭,৬৪,৯৭১ টাকা

তারিখঃ ২৮/০২/১৪২৭ বঙ্গাব্দ
১১/০৬/২০২০ খ্রিষ্টাব্দ

(মোহাম্মদ গোলাম ছরওয়ার ভূঁঞা)
মহাপরিচালক
প্রতিরক্ষা অডিট অধিদপ্তর